দৈনিক বাংলা

তারিখ 05 JAN 1988
পৃষ্ঠা ৫ কলাম ৭

006

# বিদ্যালয়ে সাহায্যের আবেদন

৯২/২, পূর্ব ধলপুর, (উত্তর যাত্রাবাড়ী), ডেমরা, ঢাকা—৪ এলাকায় ১৯৮৬ ইং সালে প্রতিষ্ঠিত 'আদর্শ উচ্চ বিদ্যালয়ের' জন্য আর্থিক সাহায্য জরুরী প্রয়োজন। কারণ বিদ্যালয়টি গরীব এলাকায় অবস্থিত। এবং বর্তমানে একটি ভাড়া বাড়ীতে চলছে। প্রায় দুই শত ছাত্রছাত্রী এই বিদ্যালয়ে অধ্যয়ন করছে। বিদ্যালয়ের নিজস্ব কোন জায়গা না থাকায় কোন প্রকার সরকারী অনুদান পাওয়া যাচ্ছে না। তাই আমরা এমন কোন দানশীল মহৎ ব্যক্তির সাহায্য কামনা করছি যিনি এ এলাকায় বিদ্যালয়ের জন্য অন্তত ৪/৫ কাঠা জায়গা অথবা অর্থদান করে বিদ্যালয়টিকে টিকিয়ে রাখতে সহায়তা করবেন। বিদ্যালয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সাহায্যকারী ব্যক্তির নামে অথবা তার মনোনীত ব্যক্তির নামে বিদ্যালয়টির নামকরণ করে তাঁর স্মৃতিকে অক্ষয় করে রাখা হবে। এই সঙ্গে স্কুলটিকে প্রয়োজনীয় সাহায্য দানের জন্য আমরা সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছেও আবেদন জানাচ্ছি।

—সৈয়দ আনোয়ার হোসেন
ম্যানেজার (অপারেশন) বাংলাদেশ শিল্প ব্যাংক, ঢাকা ফোন: ২৩৫১৫৬—৫৯/২৮

বি এম গোলাম মোস্তফা তালুকদার, সহকারী প্রধান অর্থ উপদেষ্টা অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ফোন: ২৪১১৪৬